MAY 21 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ২৩ কলাম ...

# মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটির সুপারিশ বাস্তবায়নের দাবী

**ইত্তেফাক রিপোর্ট ঃ** মাদ্রাসা শিক্ষা সংস্কার ও উন্নয়নের লক্ষ্যে সংস্কার কমিটির সুপারিশমালা বাস্তবায়নের দাবী জানিয়েছে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ। বুধবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বলা হয়, গত মার্চ মাসে মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটি সরকারের কাছে তাদের সুপারিশ পেশ করলেও সরকার এই সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে কোন পদক্ষেপ গ্রহণ করেনি। এই সুপারিশ বাস্তবায়নসহ ১০ দফা দাবীতে পরিষদ আগামী ২৩ মে থেকে সপ্তাহব্যাপী আন্দোলন কর্মসূচী পালন করবে।